

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫১৯

খোয়াই, ৯ অক্টোবর, ২০২৪

১০-১৩ অক্টোবর খোয়াই জেলায় ড্রাই ডে ঘোষণা

ত্রিপুরা এক্সাইজ রুলস ১৯৯০'র ১৭৪'র (ই) এবং (জি) ধারায় ১০ অক্টোবর, ২০২৪ থেকে ১৩ অক্টোবর, ২০২৪ পর্যন্ত এবং ১ নভেম্বর, ২০২৪ খোয়াই জেলায় ড্রাই ডে ঘোষণা করা হয়েছে। খোয়াই জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন খোয়াই জেলার অন্তর্গত সমস্ত বিলাতি মদের দোকান এই দিনগুলিতে বন্ধ থাকবে। জেলায় আসন্ন দুর্গাপূজা ও দীপাবলি উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এই নির্দেশ জারি করা হয়েছে।

\*\*\*\*\*